দৈনিক ইত্তেফাক

তারিখ 05 MAR 1993
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকাবিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

● নজরুল ইসলাম মিঠু ●

'উৎকণ্ঠিত অভিভাবকরা দাঁড়িয়ে ছিলেন কখন তাদের ছেলে-মেয়েদের পরীক্ষা শেষ হবে। মিছিল আর লাল গোলাপ শুভেচ্ছার সাথে উত্তপ্ত শ্লোগানের কারণে তাদের উৎকণ্ঠা বেড়ে যায় আরো। চোখে মুখে বিরক্তির ভাব ফুটিয়ে একজন অভিভাবক সন্দেহ পোষণ করলেন আবার না কোন ফাঁদে পা দিল তার সন্তান।'

গতকাল বৃহস্পতিবার ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'খ' ইউনিটের প্রথম বর্ষ সম্মান ভর্তি পরীক্ষা। বিভিন্ন কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করা ছাত্র-ছাত্রীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবার যোগ্যতা যাচাই করেছে গতকাল। তাদের সাথে এসেছিল বাবা-মা, ভাইবোন কিংবা অন্য অভিভাবকরা। সকাল ১০টা থেকে ভর্তি পরীক্ষা শুরু হলে অভিভাবকদেরও বাইরে শুরু হয় উৎকণ্ঠার পরীক্ষায় উত্তীর্ণ হবার পালা। বেলা বাড়ার সাথে সাথে সবগুলো ছাত্র সংগঠনের নেতা-কর্মীরাও ভিড় জমাতে থাকেন ক্যাম্পাসে। মধুর কেন্টিন এলাকা

২-এর পাতা ৮ম কঃ দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

হয়ে ওঠে সরগরম। দীর্ঘদিন পর কলাভবন এলাকায় আবার ঝাঝালো মিছিলে উত্তপ্ততা দেখিয়েছেন বিভিন্ন ছাত্র সংগঠনেরনেতা-কর্মীরা।

কলাভবনের ভেতরে পরীক্ষায় অংশগ্রহণরত ছাত্র-ছাত্রীদের বাইরে অপেক্ষমাণ অভিভাবকরা ক্রমাগত ধৈর্যহীন হয়ে পড়েন ক্যাম্পাসের অবস্থা দেখে। কয়েকজন অভিভাবকের সাথে আলাপ করলে তারা এ প্রতিবেদককে জানান, নবাগত ছাত্র-ছাত্রীদের শুভেচ্ছা মিছিলে আবার জঙ্গীভাব আদৌ ভালো লক্ষণ নয়। তাদের সন্তানদের ভর্তি করিয়ে ভরসা পান না ভালোভাবে পড়াশোনা কিংবা পাস করে বেরোবার।

অসংখ্য অভিভাবকের ভিড় ছিল গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। কলাভবন ঘিরে সবচেয়ে বেশী ছিল ভিড়। পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনে। স্থান সংকুলান না হওয়ায় পার্শ্ববর্তী কলেজগুলোতে অনুষ্ঠিত হয়েছে ভর্তি পরীক্ষা। ল্যাবরেটরী স্কুল, গার্হস্থ্য অর্থনীতি কলেজ, ইডেন কলেজ, ঢাকা কলেজ, বদরুন্নেছা কলেজ, সিটি কলেজসহ বেশ ক'টি কলেজে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ভিড় ছিল। সাথে অভিভাবকদের ভিড়। প্রতি বছরই এমনটি হয়। তবে বিশ্ববিদ্যালয় এলাকায় আগত অভিভাবকদের মধ্যে দেখা যায় উৎকণ্ঠা, শংকা ও আতংক।

খিলগাঁও তালতলা এলাকা থেকে আগত একজন ছাত্রীর অভিভাবক শহীদুজ্জামান তার অনুভূতি জানালেন এভাবে, এত বেশী হৈ চৈ ভালো লাগে না। মিছিলে ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে উত্তেজনা বেশী। ছাত্রদের কল্যাণে কোন কাজ তারা আদৌ করতে পারবে বলে মনে হয় না। তাই ভয় হয় মেয়েকে বিশ্ববিদ্যালয়ে পাঠিয়ে। নিশ্চিন্তে থাকা যায় না।

বরিশাল বিএম কলেজের একজন ছাত্রের অভিভাবক চিত্তরঞ্জন দাস জানালেন, ছেলেকে ভর্তি করার জন্য নিয়ে এসেছি। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে ভেবে দেখব। বলা তো যায় না বিশ্ববিদ্যালয়ের কখন কি অবস্থা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সম্মান শ্রেণীতে ভর্তির ব্যাপারে চাপ বাড়ছে ক্রমাগত। এ বছর চারটি ইউনিটে সাড়ে তিন হাজার সিটের জন্য দরখাস্ত জমা পড়েছে ৪২ হাজারেরও কিছু বেশী। এর মধ্যে গতকাল অনুষ্ঠিত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে প্রায় ১৫ হাজার ছাত্র-ছাত্রী। ভাগ্য পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সুযোগ পাবেন মাত্র তিন হাজার ছাত্র-ছাত্রী।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নতুন ছাত্র-ছাত্রীদের শুভেচ্ছা জানিয়ে বিভিন্ন ছাত্র সংগঠন মিছিল করেছে। এর মধ্যে বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই), ছাত্রলীগ (বা-কা), ছাত্রলীগ (ব-আ), ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, ছাত্র ফেডারেশন, ছাত্র মৈত্রী, ছাত্র ঐক্য ফোরামউল্লেখযোগ্য।